International Labour Organization

# দক্ষিন এশিয়ায় পয়ঃনিষ্কাশনের সাথে সম্পৃক্ত কর্মীদের সমস্যা নিরসনে চ্যালেঞ্জ এবং নীতিমালাসমূহ

দক্ষিন এশিয়ায় পয়ঃনিষ্কাশনের সাথে সম্পৃক্ত কর্মীদের জন্য শোভন কাজের উপর আয়োজিত ওয়ার্কশপের ব্যাকগ্রাউন্ড নোট
১১-১৩ অক্টোবর ২০২১

আন্তর্জাতিক শ্রম কার্যালয়

Copyright © International Labour Organization 2021

First published 2021

Publications of the International Labour Office enjoy copyright under Protocol 2 of the Universal Copyright Convention. Nevertheless, short excerpts from them may be reproduced without authorization, on condition that the source is indicated. For rights of reproduction or translation, application should be made to ILO Publications (Rights and Licensing), International Labour Office, CH-1211 Geneva 22, Switzerland, or by email: rights@ilo.org. The International Labour Office welcomes such applications.

Libraries, institutions and other users registered with a reproduction rights organization may make copies in accordance with the licences issued to them for this purpose. Visit www.ifrro.org to find the reproduction rights organization in your country.

---

ISBN: 978-92-2-035622-7 (Web PDF)

Also available in [English]: 978-92-2-035621-0 (Web PDF)
[Dhivehi]: 978-92-2-035623-4 (Web PDF)
[Sinhala]: 978-92-2-035624-1 (Web PDF)
[Nepalese]: 978-92-2-035625-8 (Web PDF)
[Urdu]: 978-92-2-035626-5 (Web PDF)

---

The designations employed in ILO publications, which are in conformity with United Nations practice, and the presentation of material therein do not imply the expression of any opinion whatsoever on the part of the International Labour Office concerning the legal status of any country, area or territory or of its authorities, or concerning the delimitation of its frontiers.

The responsibility for opinions expressed in signed articles, studies and other contributions rests solely with their authors, and publication does not constitute an endorsement by the International Labour Office of the opinions expressed in them.

Reference to names of firms and commercial products and processes does not imply their endorsement by the International Labour Office, and any failure to mention a particular firm, commercial product or process is not a sign of disapproval.

Information on ILO publications and digital products can be found at: www.ilo.org/publns.

# ▶সংক্ষিপ্তসার

শোভন কাজের বিষয়টি মাথায় রেখে এই ব্যকগ্রাউন্ড নোটে দক্ষিন এশিয়ায় (আফগানিস্তান, বাংলাদেশ, ভারত, মালদ্বীপ, নেপাল, পাকিস্তান এবং শ্রীলঙ্কা) পয়ঃনিষ্কাশনের সাথে সম্পৃক্ত কর্মীদের অবস্থা বিবেচনা করা হয়েছে। পয়ঃনিষ্কাশনের সাথে সম্পৃক্ত ব্যাক্তিদের মধ্যে রয়েছে যারা সেপটিক পিট এবং ট্যাঙ্ক পরিষ্কার করেন, স্লাজ পরিবহন করেন, পয়ঃনিষ্কাশন ব্যবস্থা রক্ষনাবেক্ষন করেন এবং পয়ঃশোধানাগারে কাজ করে থাকেন। এই নোটে আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও)'র কিছু দলিল অন্তর্ভুক্ত করা হয়েছে যার মাধ্যমে পয়ঃনিষ্কাশনের সাথে সম্পৃক্ত কর্মীদের জন্য শোভন কাজ নির্ধারণে চ্যালেঞ্জগুলোকে মোকাবেলা করা যাবে। এই নোটে অন্তর্ভুক্ত তথ্যসমূহ গবেষণার মাধ্যমে পাওয়া গিয়েছে এবং দক্ষিন এশিয়ায় পয়ঃনিষ্কাশনের সাথে সম্পৃক্ত কর্মীদের জন্য শোভন কাজের উপর আয়োজিত ওয়ার্কশপে (১১-১৩ অক্টোবর ২০২১) অংশগ্রহনকারী আইএলও'র ত্রিপক্ষীয় অংশীদারকে এই নোটের তথ্য ও উপাত্তসমূহের পরিপূরক হিসেবে ভূমিকা রাখতে হতে পারে।

## ওয়ার্কশপের উদ্দেশ্য

এই ওয়ার্কশপের উদ্দেশ্য হচ্ছে জাতীয় এবং অঞ্চলভিত্তিক পদক্ষেপের মাধ্যমে পয়ঃনিষ্কাশনের সাথে সম্পৃক্ত কর্মীদের স্বীকৃতি প্রদান এবং তাদের সংগঠিত করার মাধ্যমে সমান্তরালভাবে এসডিজি ৬ এবং ৮ অর্জনে ভূমিকা রাখা।

এই ওয়ার্কশপের মাধ্যমে পারস্পরিক সহযোগিতা সুদৃঢ় হবে এবং পয়ঃনিষ্কাশনের সাথে সম্পৃক্ত কর্মীদের কাজের পরিবেশ উন্নয়নে এবং তাদের সোশ্যাল ডায়ালগে অংশ গ্রহনের ক্ষেত্রে জাতীয় অথবা আঞ্চলিকভাবে নীতিমালা/কলাকৌশল প্রণয়নে সংশ্লিষ্ট ব্যাক্তিদের সক্রিয় করতে বিভিন্ন ধারনার উৎপত্তি হবে।

পয়ঃনিষ্কাশনের সাথে সম্পৃক্ত কর্মীদের অধিকারসমূহকে সুরক্ষা প্রদানকারী প্রাসঙ্গিক আন্তর্জাতিক শ্রম সম্পর্কিত মানদণ্ড বাস্তবায়ন পয়ঃনিষ্কাশনের সাথে সম্পর্কিত কর্মীদের উপর একটি পরিসংখ্যান নির্মাণে সহায়তা করবে এবং এর মাধ্যমে এ জাতীয় কর্মীদের হতাহতের সংখ্যা কমবে এবং তাদের প্রতি বৈষম্যে দূর হবে। পয়ঃনিষ্কাশনের সাথে সম্পর্কিত কর্মীদের কাজের পরিবেশ উন্নয়ন এ সকল উদ্দেশ্য অর্জনে সহায়ক হবে।

## সুনির্দিষ্ট উদ্দেশ্যসমুহঃ

১। পয়ঃনিষ্কাশনের সাথে সম্পৃক্ত কর্মীদের সম্পর্কিত বিভিন্ন বিষয় এবং এ সম্পর্কিত আন্তর্জাতিক শ্রম মানদণ্ড সম্পর্কে আইএলও'র সাথে সম্পৃক্ত বিভিন্ন প্রতিষ্ঠান (শ্রম মন্ত্রনালয়, মালিক এবং শ্রমিক প্রতিনিধিগণ) এবং ব্যবস্থাপকদের সক্ষমতা এবং জ্ঞান বৃদ্ধি করা।

২। জাতীয় পয়ঃনিষ্কাশন কলাকৌশলের অংশ হিসেবে কর্মপরিবেশ সংক্রান্ত নীতিমালাসমূহ এবং বিভিন্ন কর্মসূচী প্রণয়ন এবং বাস্তবায়নে অংশগ্রহনকারীদের ধারনা বৃদ্ধি করা।

৩। ওয়ার্কশপে উঠে আসা বিভিন্ন বিষয়সমূহ মোকাবেলায় জাতীয় অথবা অঞ্চলভিত্তিক পদক্ষেপ গ্রহনে আলোচনার জন্য প্ল্যাটফর্ম সৃষ্টি করা।

৪। পয়ঃনিষ্কাশনের সাথে জড়িত কর্মীদের স্বীকৃতি প্রদান এবং তাদের সংগঠিত করতে জাতীয় এবং আঞ্চলিক কলাকৌশল ও সেক্টোরাল প্ল্যান প্রণয়নের জন্য শ্রম মন্ত্রনালয়, স্যানিটেশনের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রনালয় এবং আইএলও'র সামাজিক অংশীদারদের মধ্যে নেটওয়ার্কিং এবং সহযোগিতা বৃদ্ধি করা।

৫। কোভিড-১৯'র কারনে সৃষ্ট পরিস্থিতিতে ভবিষ্যৎ কর্মকাণ্ডের ভিত্তি নির্ধারণ করা যেনো পয়ঃনিষ্কাশন সম্পর্কিত কর্মকাণ্ডসমূহ "স্বাভাবিক অবস্থায়" ফিরে আসতে পারে।

# আলোচনার বিষয়বস্তু:

১। পয়ঃনিষ্কাশনের সাথে সম্পৃক্ত কর্মীদের প্রধান ঝুঁকিসমূহ কী কী এবং এই ঝুঁকিসমূহ নিরসনে সরকারের সামনে চ্যালেঞ্জগুলো কী কী এবং পয়ঃনিষ্কাশনের সাথে সম্পৃক্ত কর্মীদের সম্পর্কে ধারনায় ঘাটতিগুলো কী কী?

২। এই ঝুঁকি এবং চ্যালেঞ্জসমূহ দূরীকরণে সরকারসমূহ এবং সামাজিক অংশীদারগণ কী পদক্ষেপ গ্রহন করেছেন?

৩। এই চ্যালেঞ্জসমূহ নিরসনে জাতীয় এবং আঞ্চলিকভাবে কী পদক্ষেপ গ্রহন করা হয়েছে?

# ধন্যবাদ জ্ঞাপন

এই গবেষণাটি প্রস্তুত করেছেন নতুন দিল্লির জওহারালাল নেহেরু বিশ্ববিদ্যালয়ের এমিরেটাস অধ্যাপক সুখাদেও থোরাট। এলেট্ট ভ্যান লিউরের নির্দেশনায় তাকে সহযোগিতা করেছে আইএলও'র সেক্টোরাল পলিসিজ ডিপার্টমেন্ট। এটির রচয়িতা সার্বিক সহযোগিতা প্রদানের জন্য তার আইএলও'র সহকর্মীদের ধন্যবাদ জ্ঞাপন করছেন যাদের মধ্যে রয়েছেন জনাব কার্লোস ক্যরিওন-ক্রেসপো, মিস নেহা ওয়াধাওয়ান, জনাব পিটার বুইয়েমবো, ডঃ সুয়োসি কাওয়াকামী এবং মিস সুদিপ্তা ভদ্র। দক্ষিন এশিয়ায় পয়ঃনিষ্কাশনের সাথে সম্পৃক্ত কর্মীদের সম্পর্কে অভিজ্ঞতা বিনিময়ের জন্য তিনি বিশেষ ধন্যবাদ জ্ঞাপন করছেন বাংলাদেশের জনাব জাকির হোসাইন, নেপালের জনাব ভক্তবিশ্বকর্ম ও জনাব প্রদীপ পারিয়ার, পাকিস্তানের মিস মেরী জেমস গিল, ভারতের জনাব বেজওয়াদা উইলসন এবং শ্রীলংকার প্রফেসর টুডোর সিলভার প্রতি। তথ্য বিশ্লেষণ এবং এই প্রতিবেদন প্রস্তুত করতে সহযোগিতার জন্য তিনি বিশেষভাবে ধন্যবাদ জ্ঞাপন করছেন ইন্ডিয়ান ইন্সটিটিউট অফ দলিত স্টাডিজের ডঃ বিনোদ মিশরা এবং ডঃ খালিদ খান এর প্রতি এবং সেই সাথে মূল্যবান মতামত প্রদানের জন্য ধন্যবাদ জ্ঞাপন করছেন জওহারালাল নেহেরু বিশ্ববিদ্যালয়ের ফ্যকাল্টি ডঃ অমিত থ্রোটের প্রতি।

# সূচীপত্র

দক্ষিন এশিয়ায় পয়ঃনিষ্কাশনের সাথে সম্পৃক্ত কর্মীদের সমস্যাসমূহ মোকাবেলায় চ্যালেঞ্জ এবং নীতিমালাসমূহ.....................................

- সংক্ষিপ্তসার ..... iii

ওয়ার্কশপের উদ্দেশ্য ..... iii

সুনির্দিষ্ট উদ্দেশ্যসমুহঃ ..... iii

আলোচনার বিষয়বস্ত: ..... iv

- ধন্যবাদ জ্ঞাপন ..... v
- দক্ষিন এশিয়ায় পয়ঃ নিষ্কাশনকারীদের বিদ্যমান সমস্যাসমূহ দূরীকরণে চ্যালেঞ্জ ও নীতিমালাসমূহ ..... 1

বিষয়ঃ অযান্ত্রিক পয়ঃনিষ্কাশনের টিকে থাকা-মল হতে উৎপন্ন স্লাজের ব্যবস্থাপনা ..... 1

- বিষয়াবলী এবং উদ্দেশ্যসমূহ ..... 3

তথ্যভাণ্ডার ..... 3

অযান্ত্রিক পয়ঃনিষ্কাশন কার্যক্রমের আকারঃ সংখ্যা সম্পর্কে ধারনা ..... 3

দক্ষিন এশিয়ায় পয়ঃনিষ্কাশনের সাথে সম্পৃক্ত কর্মীদের পরিচিতি ..... 4

চাকরি/শ্রম জরিপের তথ্যের সীমাবদ্ধতা ..... 10

- অর্থনৈতিক নিরাপত্তাহীনতাঃ অস্বীকৃত কাজের সংখ্যা বৃদ্ধি পাওয়া ..... 11
- স্বাস্থ্যঝুঁকি: রোগ, আঘাত এবং মৃত্যু ..... 13

কলঙ্ক, বৈষম্য এবং অমর্যাদা ..... 15

- সাংবিধানিক এবং আইনগত বিধানসমূহ ..... 17
- আইএলও কনভেনশনসমূহের অনুমোদন ..... 19
- আগামীর চ্যালেঞ্জসমূহ এবং সামনে এগিয়ে যাওয়া ..... 21

**References** ..... 23

**Annexure 1** ..... 29

**Constitutional and Legal Provisions to Prevent Discrimination of Sanitation Workers** ..... 29

# ► দক্ষিন এশিয়ায় পয়ঃ নিষ্কাশনকারীদের বিদ্যমান সমস্যাসমূহ দূরীকরণে চ্যালেঞ্জ ও নীতিমালাসমূহ, সুখাদেও থোরাট

## *বিষয়ঃ অযান্ত্রিক পয়ঃনিষ্কাশনের টিকে থাকা- মল হতে উৎপন্ন স্লাজের ব্যবস্থাপনা*

পয়ঃনিষ্কাশনকারীরা একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ জনসেবার সাথে সম্পৃক্ত রয়েছে যেসকল সেবাসমূহের মধ্যে রয়েছে মানববর্জ্য, ঘরোয়াভাবে উৎপাদিত নোংরা পানি এবং কঠিন বর্জ্য সংগ্রহ, পরিবহন, পরিশোধন এবং পরিত্যাগ করা। এক কথায় তারা পয়নিষ্কাশন ব্যবস্থার সার্বিক ব্যবস্থাপনা এবং রক্ষনাবেক্ষনের কাজ করে থাকে। পয়ঃনিষ্কাশনকারীদের শুধুমাত্র বাথরুম পরিষ্কার অথবা ট্যাংক/পিট পরিস্কারের জন্য নিয়োগ করা হয় না বরং তাদের স্যুয়ারেজ লাইন ও ম্যনহোল পরিষ্কার করতে এবং এগুলোর মধ্যে জমে থাকা বর্জ্য অপসারন করতে হয়, কঠিন বর্জ্য পরিবহনের পাশাপাশি তাদের এসব বর্জ্য পরিত্যাগ এবং পয়ঃশোধানাগারেও কাজ করতে হয়। এসকল কর্মীদের মধ্যে যারা উপজুক্ত যন্ত্রপাতি এবং সুরক্ষা পোশাক ছাড়াই হাত দিয়ে বাথরুম, পিট এবং সেপটিক ট্যাংক থেকে বর্জ্য পরিস্কার করেন এবং ধরে থাকেন এবং পয়ঃনিষ্কাশন লাইনে আটকে পড়া বর্জ্য অপসারন করেন তারা সে সকল ব্যাক্তিদের চেয়ে অধিক স্বাস্থ্য ও জীবন সংক্রান্ত ঝুঁকি মোকাবেলা করেন যারা এ ধরনের কাজ যথাযথ যন্ত্রপাতি এবং সুরক্ষা পোশাক পড়ে করে থাকেন।

দক্ষিন এশিয়ার দেশগুলোতে হাত দিয়ে বর্জ্য সংগ্রহকারী এমন মানুষগুলোর কল্যাণের কথা বিবেচনা করলে উদ্বিগ্ন না হয়ে উপায় নেই কারন অযান্ত্রিক উপায়ে ময়লা সংগ্রহ এখনও বিদ্যমান রয়েছে এবং এটি মানুষের মর্যাদার জন্য শুধুমাত্র অপমানজনক নয় বরং এটি স্বাস্থ্যের জন্য মারাত্মক ঝুঁকি সৃষ্টির পাশাপাশি পয়ঃনিষ্কাশন কর্মীদের মধ্যে অর্থনৈতিক নিরাপত্তাহীনতার সৃষ্টি করেছে যা কিনা শেষ পর্যন্ত তাদের মধ্যে অর্থনৈতিক অসচ্ছলতার জন্ম দেয়।

দক্ষিন এশিয়ার দেশগুলোতে একটি নির্দিষ্ট সামাজিক অবকাঠামোর মধ্যে পয়ঃনিষ্কাশনের কাজ করা হয়। দক্ষিন এশিয়ার দেশগুলোতে কম অথবা অধিক পরিমানে একটি সামাজিক বৈশিষ্ট দেখা যায় যা পয়ঃনিষ্কাশন এবং এর সাথে সম্পৃক্ত কর্মীদের মধ্যে একটি অনন্য মাত্রা যোগ করেছে। ঐতিহ্যগতভাবে দক্ষিন এশিয়ার বেশীর ভাগ দেশে বিশেষ করে ভারত, নেপাল, বাংলাদেশ, পাকিস্তান এবং শ্রীলঙ্কায় হিন্দুরা পরিচ্ছনতার কাজ প্রধানত করে থাকেন যারা এক সময় অস্পৃষ্ট গোত্রের অন্তর্ভুক্ত ছিলেন এবং/অথবা যারা এক সময় অস্পৃষ্ট ছিলেন এবং পরবর্তীতে খ্রিষ্টান, ইসলাম, শিখ এবং বুদ্ধধর্মে রুপান্তরিত হন (ওয়াটার এইড ২০২০; আকিল এন্ড জন ২০১৯; হ্যনচিট ২০১৬; ব্যরিংটন ২০২১, টুডোর সিল্‌ভা এট আল ২০০৯; ক্যনি এন্ড ক্যনি ২০২০)। এ সকল মানুষগুলো এসব দেশে পয়ঃনিষ্কাশন পেশাকে একটি বিশেষ চরিত্রে অলংকৃত করেছেন। গোত্র,অস্পৃষ্টতা এবং পয়ঃনিষ্কাশন পেশার সাথে সংযুক্ত কলঙ্কের মধ্যে সম্পৃক্ততা রয়েছে। পেশাগত এই কলঙ্কের শেকড় খুঁজে পাওয়া যায় গোত্র এবং অস্পৃষ্টতা নামক প্রতিষ্ঠান দুটিতে। গোত্র ব্যবস্থায় মানুষকে উচ্চ গোত্র থেকে অসম গোত্র পর্যন্ত পাঁচটি সামাজিক দলে ভাগ করা হয়। প্রতিটি গোত্রের সামাজিক মর্যাদা এবং পেশাকে নির্ধারণ করা হয় জন্ম এবং বংশের ভিত্তিতে। এই শ্রেণীবিন্যাসের সবচেয়ে নীচের দলটি 'অপবিত্র এবং দূষণকারী' হিসেবে বিবেচিত হওয়ায় তাদের পেশাকেও একইভাবে মূল্যায়ন করা হয়। ঐতিহ্যগতভাবে এই দলটিকে 'অস্পৃষ্ট' হিসেবে বিবেচনা করা হয়।

> "ভারতে একজন ব্যাক্তি তার কাজের জন্য পয়ঃনিষ্কাশনকারী হয়ে যায় না। সে পয়ঃনিষ্কাশনের কাজ করুক আর নাই করুক তার জন্মের কারনেই তাকে একজন পয়ঃনিষ্কাশনকারী হতে হয়" (আম্বেদকার বি আর ইন রবিচন্দ্রন ২০১১)।

সুতরাং পেশাগত অপবিত্রতা এবং দূষণের কথা চিন্তা করলে পয়ঃনিষ্কাশন অনুক্রমের প্রথম দিকেই রয়েছে (জোসী এন্ড ফেরন)।[১] পয়ঃনিষ্কাশনকারীরা শুধুমাত্র অস্পৃশ্যতার কারনে তাদের কলঙ্কজনক পরিচয়ের জন্য দুর্ভোগের শিকার হয় তাই নয় বরং "দূষণকারী" কাজ করার জন্য সবচেয়ে নিকৃষ্ট উপায়ে তাদের সামাজিক মর্যাদা এবং আত্মসম্মানের অবনমন ঘটে।[১] এরফলে এসকল দেশে পয়ঃনিষ্কাশনকারীরা এখনও সামাজিক এবং শারীরিকভাবে ত্যাজ্যতা, অপমানের এবং অস্পৃশ্যতা ও পেশাগত দূষণের সাথে সম্পৃক্ত কলঙ্কের শিকার হচ্ছে যদিও ভারতে এ রকম বিষয় আইনের মাধ্যমে বিলুপ্ত করা হয়েছে। ধর্মীয় এবং সামাজিক যেসব ধারনার প্রভাবের কারনে পয়ঃনিষ্কাশনকে অপবিত্র এবং দূষক হিসেবে গণ্য করা হয় এবং এই পেশায় কাজ করা ব্যাক্তিদের অস্পৃশ্য মনে করা হয় এবং তাদেরকে দূরে সরিয়ে রাখা হয় সেসব ধারনা দক্ষিন এশিয়ার দেশগুলোতে সচরাচর দেখা যায় যেখানে গোত্র ব্যবস্থা এখনো বিভিন্ন মাত্রায় বজায় আছে। আর এই ধর্মীয় ধারনা অথবা বিশ্বাসের কারনে পয়ঃনিষ্কাশনকে অপবিত্র এবং দূষক হিসেবে বিবেচনা করা হয় এবং এ জাতীয় ধারনাগুলো মুছে ফেলা অত্যন্ত কঠিন হয়ে গিয়েছে। সুতরাং, অযান্ত্রিক উপায়ে পয়ঃনিষ্কাশনকে বন্ধ করতে হলে পয়ঃনিষ্কাশনকারীদের প্রতি উচ্চ গোত্রের বিশ্বাস, মনোভাব এবং ধারনাকে সংস্কার করতে হবে বিশেষ করে যারা অযান্ত্রিক উপায়ে পয়ঃনিষ্কাশনের কাজ করেন তাদের প্রতি।

"ভারতে মল বস্তটি পরোক্ষভাবে অশুদ্ধতা এবং দূষণকে বোঝায়। এই দুটি বিষয় হিন্দু সংস্কৃতির অন্যতম ভিত্তি অর্থাৎ উপাসনার মাধ্যমে অর্জিত বিশুদ্ধতাকে অপবিত্র করে দেয়। হিন্দু সংস্কৃতিতে বাসাবাড়ি এবং পরিবেশ থেকে মল অপসারন করতে হয় যতদূর সম্ভব। কিন্তু এই কাজটি বাধ্য হয়ে করতে হয় তাদের যাদের সবচেয়ে অপবিত্র এবং দূষণকারী হিসেবে বিবেচনা করা হয় অর্থাৎ যারা কিনা নিম্ন গোত্রের মানুষ" (জোসী, দিপা, এবং ফেরন, সুজান ২০০৭)"।

গোত্র এবং অস্পৃশ্যতার সাথে সম্পৃক্ত অসম্মানজনক ধারনার কারনে পয়ঃনিষ্কাশনকে অবিত্র এবং দূষণকারী কাজ হিসেবে বিবেচনা করা হয় এবং এ কারনে পয়ঃনিষ্কাশনকারীদের আত্মসম্মান কলঙ্কিত হয়। তবে, অযান্ত্রিক উপায়ে পয়ঃনিষ্কাশনের আরো কিছু ক্ষতিকারক দিক রয়েছে। এ ধরনের কাজ এই পেশার সাথে জড়িতদের স্বাস্থ্য, জীবন, আর্থিক নিরাপত্তা, এবং ভালোমন্দের উপর ক্ষতিকর প্রভাব ফেলে এবং এগুলো বিষয় দক্ষিন এশিয়ার দেশগুলোর সরকারের জন্য উদ্বেগের বিষয় বটে।

বেশীরভাগ পয়ঃনিষ্কাশনকারী ব্যাক্তিগত সুরক্ষা সামগ্রী ব্যবহার না করেই কাজ করে থাকে এবং এর ফলে তারা কর্মস্থলে এবং পরিবেশে স্বাস্থ্য ঝুঁকির সম্মুখীন হয় ও বিভিন্ন ধরনের রোগে আক্রান্ত হয়ে থাকে (ওয়াটার এইড ২০০৯)। নর্দমা এবং সেপটিক ট্যাংক পরিষ্কারের সাথে সম্পৃক্ত স্বাস্থ্য ঝুঁকি, বিপদজনক পরিবেশে বিভিন্ন ঝুঁকিপূর্ণ জৈব এবং রাসায়নিক পদার্থের সরাসরি সংস্পর্শে আসার কারনে গুরুতর আঘাত এবং কখনো কখনো মৃত্যুও ঘটে থাকে। পশ্চিমা বিশ্বে পয়ঃনিষ্কাশনের বেশীরভাগ প্রক্রিয়া যান্ত্রিক উপায়ে হয়ে থাকে।

পয়ঃনিষ্কাশনকারীদের অর্থনৈতিক নিরাপত্তাহীনতা আরেকটি উদ্বেগের কারন। স্থায়ীভাবে নিয়োগপ্রাপ্ত কিছু কর্মী ব্যাতিত সরকারি, বেসরকারি এবং বাসা বাড়িতে যারা কাজ করে তারা সবাই অস্থায়ী ভিত্তিতে কাজ করে এবং তাদের অন্য কোন কাজ নেই এবং সামাজিক ও স্বাস্থ্য সুরক্ষার নিশ্চয়তা নেই। এ সকল পয়ঃনিষ্কাশন কর্মীর স্বাস্থ্য ঝুঁকি বহন সত্ত্বেও অধিক পরিমানে অস্থায়ী চাকরির কারনে স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করা যায় না (মানডের ২০১৪; আইএলও ২০১৩)। চাকরির অস্থায়ী ধরনের কারনে সৃষ্ট অনিশ্চয়তার প্রেক্ষিতে অর্থনৈতিক নিরাপত্তাহীনতা দেখা দেয় এবং এর পরিপ্রেক্ষিতে মানব উন্নয়নের মাত্রা কমে যায় (থোরাট ২০০৯, ২০১০; বরুয়া এট আল ২০১৫; রামাইয়া ২০১৫)। চাকরি এবং ব্যবসায় বর্ণ বৈষম্যর কারনে বিকল্প জীবিকার সুযোগ কমে গিয়েছে এবং এতে করে পয়ঃনিষ্কাশনের উপর সমাজের নির্ভরতা বৃদ্ধি পেয়েছে। এই কুসংস্কার অতীত থেকে বর্তমানে উত্তরাধিকার হিসেবে এখনও টিকে আছে।

অযান্ত্রিক পয়ঃনিষ্কাশনের ক্ষতিকর বিভিন্ন প্রভাব যেমনঃ মর্যাদাহানি, স্বাস্থ্য এবং জীবনের ঝুঁকি, অর্থনৈতিক নিরাপত্তাহীনতা, এবং এই পেশায় জড়িতদের নিম্নমানের জীবনযাত্রার বিষয়গুলোকে স্বীকৃতি দিয়ে দক্ষিন এশিয়ার দেশগুলোর সরকারেরা এ পেশায় নিয়োজিত কর্মীদের সমস্যাসমূহ সমাধানের জন্য তাদের নিজ নিজ সংবিধান, আইন এবং নীতিমালায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করেছে। এসকল পদক্ষেপ গ্রহনের ফলে অযান্ত্রিক উপায়ে পয়ঃনিষ্কাশন অনেকাংশেই কমেছে। তারপরও অযান্ত্রিক উপায়ে পয়ঃনিষ্কাশনের ধরন বদলেছে যেমনঃ শৌচাগার, নর্দমা, ম্যনহোল এবং সেপটিক ট্যাংক পরিষ্কার করা, খাল থেকে বর্জ্য উত্তোলন এবং আরো অনেকভাবেই। (জোসী এট আল ২০০৭; ক্যানি এট আল ২০২০; আকিল এন্ড গিল ২০১৯; জাকুত এট আল ২০২১; টুডোর সিল্‌ভা এট আল ২০০৯)।

# ▶বিষয়াবলী এবং উদ্দেশ্যসমূহ

অযান্ত্রিক পয়ঃনিষ্কাশনের অস্তিত্বের কথা মাথায় রেখে এখানে চেষ্টা করা হয়েছে দক্ষিন এশিয়ার দেশগুলোতে অযান্ত্রিক পয়ঃনিষ্কাশন প্রক্রিয়া সম্পর্কে ধারনা প্রদানের। এখানে পয়ঃনিষ্কাশনকারীদের বর্তমান অবস্থা পরীক্ষা করা হয়েছে, তারা যে চ্যালেঞ্জগুলো মোকাবেলা করছে সেগুলো তুলে ধরা হয়েছে, এবং আফগানিস্তান, বাংলাদেশ, ভারত, মালদ্বীপ, নেপাল, পাকিস্তান এবং শ্রীলঙ্কাসহ দক্ষিন এশিয়ার দেশগুলোতে এ সকল কর্মীদের সমস্যা নিরসনে যে নীতিমালাসমূহের প্রয়োজন সে সম্পর্কেও আলোচনা করা হয়েছে। নির্দিষ্ট উদ্দেশ্যসমূহের মধ্যে রয়েছেঃ

- পয়ঃনিষ্কাশনকারী সমাজের আকার অনুমান করা এবং তাদের মধ্যে লিঙ্গ, বর্ণ এবং ধর্মীয় বিশ্বাস অনুযায়ী যারা অযান্ত্রিক উপায়ে কাজ করেন তাদের পৃথক করা;
- পয়ঃনিষ্কাশন করার সময় কর্মীরা যে ধরনের স্বাস্থ্য এবং জীবন সম্পর্কিত ঝুঁকি নিয়ে কাজ করে এ সম্পর্কে ধারনা নেয়া;
- সামাজিক এবং অর্থনৈতিক প্রেক্ষাপটে পয়ঃনিষ্কাশনকারীরা যে ধরনের কলঙ্ক এবং বৈষম্যের মুখোমুখি হয় সেটি বুঝতে চেষ্টা করা;
- পয়ঃনিষ্কাশনকারীদের চাকরির ধরন, চাকরির অনিশ্চয়তা এবং সামাজিক নিরাপত্তার বিষয়গুলো বিবেচনা করে তাদের অর্থনৈতিক নিরাপত্তাহীনতার দিকে আলোকপাত করা;
- পয়ঃনিষ্কাশনকারীদের সম্পর্কিত সংবিধান, আইন এবং নীতিমালাসমূহের বিধানগুলো বুঝতে চেষ্টা করা এবং লক্ষ্য করা যে এই বিধানগুলো আন্তর্জাতিক বিভিন্ন অঙ্গীকারের সাথে কতটা সামঞ্জস্যপূর্ণ; এবং
- আইন, গাইডলাইন এবং প্রচলিত ব্যবস্থার ফাঁকগুলো খুঁজে বের করা এবং নীতিমালাসমূহের সংস্কারের ক্ষেত্র খুঁজে বের করা।

## তথ্যভাণ্ডার

যেখানেই সম্ভব, বিশ্লেষণ এবং আলোচনা করা হয়ে থাকে প্রধানত চাকরি/শ্রম সংক্রান্ত জরিপে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে। যদিও দক্ষিন এশিয়ার সাতটি দেশে চাকরি এবং শ্রম জরিপ ভিন্ন ভিন্ন বছরে করা হয়ে থাকলেও তথ্যের মধ্যে  তফাৎ তিন বছরের অধিক সময়ের হয় না যেমন ২০১৭ থেকে ২০২০'র মধ্যে। বিশ্লেষণটির পরিপূরক হিসেবে কাজ করেছে ইতিপূর্বে অযান্ত্রিক উপায়ে পয়ঃনিষ্কাশনের উপর বিভিন্ন দলিলপত্র।

## অযান্ত্রিক পয়ঃনিষ্কাশন কার্যক্রমের আকারঃ সংখ্যা সম্পর্কে ধারনা

দক্ষিন এশিয়ার দেশগুলোতে পয়ঃনিষ্কাশনকারী কর্মীদের আকারটি কেমন বিশেষ করে যারা অযান্ত্রিক উপায়ে কাজ করেন?সরকারি তথ্য অনুযায়ী তাদের কি কর্মী হিসেবে গণনা করা হয়?

সরকারি শ্রম/চাকরি সংক্রান্ত জরিপে পয়ঃনিষ্কাশনকারীদের জন্য একটি শ্রেণী রয়েছে এবং সেখানে তাদের সংখ্যা সম্পর্কে তথ্য প্রদান করা হয়েছে  যদিও দেশভেদে তথ্যসমূহে ভিন্নতা রয়েছে। তবে, চাকরি/শ্রম জরিপে প্রাপ্ত তথ্যের ক্ষেত্রে মারাত্মক ঘাটতি রয়েছে। এখানে অযান্ত্রিক উপায়ে অথবা যান্ত্রিক উপায়ে অথবা উভয়ভাবে পয়ঃনিষ্কাশন সংক্রান্ত তথ্যের মধ্যে বিভাজন করা হয়নি। এসব তথ্যে কঠিন বর্জ্য এবং মল থেকে উৎপাদিত বর্জ্যের মধ্যে বিভাজন করা হয়নি অথবা কতজন সুইপার অযান্ত্রিক উপায়ে শৌচাগার, পিট এবং নর্দমা পরিষ্কার করেন সে সম্পর্কে কোন তথ্য প্রদান করা হয়নি।

একই সাথে এখানে কতজন পয়ঃনিষ্কাশনকারী বিভিন্ন অযান্ত্রিক এবং যান্ত্রিক কাজে নিয়োজিত রয়েছে সে সম্পর্কে কোন তথ্য প্রদান করা হয়নি। সুতরাং আমাদের কাছে পয়ঃনিষ্কাশনকারীদের সম্পর্কে একটি সমষ্টিগত তথ্য রয়েছে যা কিনা অযান্ত্রিক উপায়ে কাজ করা কর্মীদের নিয়ে বলা যায়, যদিও তা সম্পূর্ণ রূপে নয়।

ভারতের ন্যাশানাল স্যাম্পল সার্ভে অন এমপ্লোইমেন্ট পয়ঃনিষ্কাশনকারীদের সম্পর্কে ধারনা প্রদান করেছে যাদের মধ্যে রয়েছে "বর্জ্য সংগ্রাহক এবং এ জাতীয় কাজ করা কর্মীরা'। দক্ষিন এশিয়ার অন্যান্য দেশে এ জাতীয় কর্মীদের "প্রত্যাখ্যাত এবং প্রাথমিক শ্রেণীর কর্মীদের" দলে অন্তর্ভুক্ত করা হয়। সুতরাং ভারতীয় চাকরি সংক্রান্ত জরিপে বর্জ্য সংগ্রাহক এবং এ জাতীয় কাজ করা কর্মীরা এবং দক্ষিন এশিয়ার অন্যান্য দেশে প্রত্যাখ্যাত এবং প্রাথমিক শ্রেণীর কর্মীদের মধ্যে তুলনা করা যায়। এটিকে আরো কাছাকাছি নেয়ার জন্য আমরা প্রাপ্ত তথ্যেসমূহে কিছু পরিবর্তন করেছি। বর্জ্য সংগ্রাহকদের মধ্যে অন্তর্ভুক্ত করা হয়েছে সে সব ব্যাক্তিদের যারা বর্জ্য যান্ত্রিক উপায়ে পরিবহন করেন এবং যারা অযান্ত্রিক উপায়ে বর্জ্য সংগ্রহ করেন এবং এ জাতীয় কাজ করা অন্যান্য কর্মীদের যেমনঃ সুইপার, পানি বহনকারী এবং অন্যান্যরা যারা একই ধরনের কাজ করে থাকেন। দক্ষিন এশিয়ার অন্যান্য দেশগুলোর জরিপে প্রত্যাখ্যাত এবং প্রাথমিক শ্রেণীর কর্মীদের মধ্যে আরো অন্তর্ভুক্ত আছেন যারা বর্জ্য সংগ্রহ, বর্জ্য উঠানো এবং নামানোর কাজ করেন, রাস্তা, পার্ক এবং অন্যান্য সরকারি স্থান পরিষ্কার করেন এবং অন্যান্য ছোটখাটো কাজ করে থাকেন। এর ফলে পুরোপুরি না হলেও সামগ্রিক ধারনাটি অযান্ত্রিক উপায়ে পয়ঃনিষ্কাশনকারীদের কাছাকাছি চলে আসে। আমরা এখানে অযান্ত্রিক পয়ঃনিষ্কাশনকারীর সম্পর্কে তুলনামূলক ধারনা ব্যবহার করেছি।

# দক্ষিন এশিয়ায় পয়ঃনিষ্কাশনের সাথে সম্পৃক্ত কর্মীদের পরিচিতি

চাকরি/শ্রম সংক্রান্ত জরিপ এবং কিছু প্রাথমিক গবেষণা বিশ্লেষণ করে দক্ষিন এশিয়ার দেশগুলোতে পয়ঃনিষ্কাশনের সাথে সম্পৃক্ত কর্মীদের কিছু স্বাতন্ত্র্যসূচক বৈশিষ্ট লক্ষ্য করা গিয়েছে। এগুলো হচ্ছেঃ

(১) সর্বমোট পরিচ্ছনতা কর্মীদের মধ্যে শতাংশ হিসেবে পয়ঃনিষ্কাশনকারীদের সংখ্যা সর্বনিম্ন ০.০৯৪ হতে ১.৩ শতাংশ। তবে, প্রকৃত সংখ্যাটি অন্যান্য দেশের তুলনায় ভারত, পাকিস্তান এবং শ্রীলঙ্কায় বেশী।

(২) বাংলাদেশ, শ্রীলঙ্কা এবং আফগানিস্তানের গ্রামাঞ্চলে পয়ঃনিষ্কাশনকারীদের উপস্থিতি বেশী এবং ভারত ও নেপালের শহরাঞ্চলে তাদের উপস্থিতি বেশী লক্ষ্য করা যায়।

(৩) বেশীরভাগ পয়ঃনিষ্কাশনকারী কর্মী নিজ দেশের সংখ্যাগরিষ্ঠ ধর্মের অনুসারীঃ যেমনঃ তারা ভারত এবং নেপালে হিন্দু সম্প্রদায়ের অধিবাসী, বাংলাদেশ ও আফগানিস্তানে মুসলিম সম্প্রদায়ের অধিবাসী, এবং শ্রীলঙ্কায় বৌদ্ধ সম্প্রদায়ের অধিবাসী। পাকিস্তানে বেশীরভাগ পয়ঃনিষ্কাশনকারী খ্রিস্টান সম্প্রদায় এবং হিন্দু দলিত সম্প্রদায়ের অধিবাসী যারা কিনা সেখানে সংখ্যালঘু।

(৪) দক্ষিন এশিয়ার কোন কোন দেশে গোত্র-ধর্মের মধ্যে সম্পর্ক পরিলক্ষিত হয়। ভারত, নেপাল, পাকিস্তান, শ্রীলঙ্কা এবং বাংলাদেশে সেসব মানুষ পয়ঃনিষ্কাশনের কাজ করেন যারা এক সময় হিন্দু ধর্মে অস্পৃশ্য ছিলেন এবং অন্যান্য ধর্মে রুপান্তরিত হয়েছেন যেমনঃ শিখ, বৌদ্ধ এবং খ্রিস্টান ধর্ম।

(৫) পুরুষ এবং নারী উভয়ই পয়ঃনিষ্কাশনের কাজ করেন। যদিও সব দেশে পুরুষ কর্মীর সংখ্যা বেশী তবে ভারত, নেপাল এবং বাংলাদেশে নারীদের সংখ্যা তুলনামূলকভাবে বেশী (চিত্র ৩ দেখুন)।

(৬) বেশিরভাগ পয়ঃনিষ্কাশনকারীদের বয়স ১৫ থেকে ৫৯ বছরের মধ্যে তবে কোন কোন দেশে বিশেষ করে নেপাল এবং আফগানিস্তানে ৬০ বছর এবং এর চেয়ে অধিক বয়সের মানুষেরাও পয়ঃনিষ্কাশনের কাজ করেন।

(৭) দক্ষিন এশিয়ার সব দেশে বেশীরভাগ পয়ঃনিষ্কাশনকারী অশিক্ষিত এবং সল্প শিক্ষিত। আফগানিস্তান এবং মালদ্বীপে যথাক্রমে ৮০ এবং ৯০ শতাংশ পয়ঃনিষ্কাশনকারী খুবই অল্প শিক্ষিত বাংলাদেশ এবং পাকিস্তানে এই সংখ্যা যথাক্রমে ৬১ থেকে ৬৩ শতাংশ। ভারত এবং শ্রীলঙ্কায় বেশীরভাগ পয়ঃনিষ্কাশনকারী উচ্চ মাধ্যমিক শিক্ষায় শিক্ষিত। এক কথায়, এসব দেশে দুই শতাংশ পয়ঃনিষ্কাশনকারী উচ্চ শিক্ষিত।

(৮) অঞ্চলভিত্তিতে পয়ঃনিষ্কাশনকারীরা প্রধানত তাদের কাজের ধরনের কারনে অর্থনৈতিক নিরাপত্তাহীনতায় ভুগে থাকেন।

(৯) প্রাথমিক গবেষণায় যে সকল বিষয় চাকরি/শ্রম সংক্রান্ত জরিপে বিবেচনা করা হয়নি সেগুলো আলোর মুখ দেখেছে। নিরাপদ পয়ঃনিষ্কাশন নিশ্চিত করতে কিছু অগ্রগতি সাধিত হয়েছে তবে এখনও উল্লেখযোগ্য পরিমানে অযান্ত্রিক উপায়ে মল, পিট ও নর্দমা পরিষ্কার করা হয় যদিও অযান্ত্রিক উপায়ে কি পরিমানে পয়ঃনিষ্কাশন করা হয় সে সম্পর্কে কোন ধারনা পাওয়া যায়নি। কিছু প্রাথমিক গবেষণায় দেখা যায় যে ভারত, পাকিস্তান, বাংলাদেশ এবং নেপালে পয়ঃনিষ্কাশনকারীদের বেশীরভাগই নিম্ন গোত্রের তদানীন্তন অস্পৃশ্যরা এবং সে সকল ব্যাক্তি যারা খ্রিস্টান, শিখ, বৌদ্ধ এবং ইসলাম ধর্মে রুপান্তরিত হয়েছেন।

প্রতিটি দেশে পয়ঃনিষ্কাশনকারীদের সংখ্যায় তাদের অবস্থান, লিঙ্গ, বয়স, সামাজিক যোগ্যতা এবং শিক্ষাগত যোগ্যতা অনুযায়ী তারতম্য পরিলক্ষিত হয়। চিত্র ১ থেকে ৪ এ উপরে উল্ল্যেখিত দক্ষিন এশিয়ার সাতটি দেশে পয়ঃনিষ্কাশনকারীদের সংখ্যা এবং মোট পরিচ্ছন্নতা কর্মীদের (স্বীকৃত এবং অস্বীকৃত) মধ্যে তাদের অংশ এবং তাদের কিছু বৈশিষ্ট দেখানো হয়েছে।

আইনে কঠোর বিধান থাকা সত্ত্বেও ভারতে অযান্ত্রিক উপায়ে পয়ঃনিষ্কাশন চলমান রয়েছে। অযান্ত্রিক উপায়ে পয়ঃনিষ্কাশন বলতে বোঝায় "রাস্তা এবং ল্যাট্রিন হতে মানুষের মল অপসারন করা, সেপটিক ট্যাংক, গর্ত এবং নর্দমা পরিষ্কার করা"। বর্ণ, শ্রেণী এবং আয়ের বৈষম্য এই প্রথাটিতে ভূমিকা পালন করে। "'অযান্ত্রিক উপায়ে পয়ঃনিষ্কাশন প্রক্রিয়া' কে সম্পূর্ণরূপে মুছে না ফেলতে পারা কে বলা যায় আধুনিক ভারতের সবচেয়ে বড় লজ্জাগুলোর মধ্যে একটি", দেশে বিদ্যমান অস্পৃশ্যতার চর্চাকে বলা যায় সবচেয়ে বেশী অপমানজনক।" (ন্যাশনাল কমিশন ফর সাফারী কর্মচারী ২০২০)

**চিত্র ১**: মোট পরিচ্ছন্নতা কর্মীদের মধ্যে পয়ঃনিষ্কাশনকারীদের শতাংশের হার




চিত্র ২ এ দেখা যাচ্ছে বয়স বিন্যাসে শ্রীলঙ্কা ব্যাতিত বেশীরভাগ পয়ঃনিষ্কাশনকারীদের বয়স কর্মজীবীদের বয়স অর্থাৎ ১৫-৪৫ বছরের মধ্যে। তবে, শ্রীলঙ্কায় বেশীরভাগ পয়ঃনিষ্কাশনকারীর বয়স ৪৬-৫৯ বছরের মধ্যে। তবে, দক্ষিন এশিয়ার কিছু দেশে ৬০ বছরের অধিক বয়সী ব্যাক্তি পয়ঃনিষ্কাশনের কাজ করেন এবং বাংলাদেশ ও শ্রীলংকায় এ জাতীয় মানুষের সংখ্যা তুলনামূলক বেশী।

**চিত্র ২: বয়স অনুপাতে পয়ঃনিষ্কাশনকারীদের শতাংশের হার**




সুত্রঃ দেশগুলোতে পরিচালিত শ্রম জরিপ

চিত্র ৩: লিঙ্গ অনুযায়ী পয়ঃনিষ্কাশনকারীদের শতাংশের হার




চিত্র ১-৪ এবং টেবিল ১'র সুত্র*:* শ্রম জরিপ,ভারত ২০১৯-২০; শ্রম জরিপ পাকিস্তান ২০১৮; শ্রম জরিপ বাংলাদেশ ২০১৭; শ্রম জরিপ নেপাল ২০১৭; শ্রম জরিপ শ্রীলঙ্কা ২০২০; শ্রম জরিপ মালদ্বীপ ২০১৯

| |
|---|
| "ম্যনুয়াল স্যানিটেশন ওয়ার্কার আইন'র সবচেয়ে বড় লংঘনকারী হচ্ছে ভারতীয় রেলওয়ে। কেউ এই তিক্ত বাস্তবতাকে অস্বীকার করতে পারবে না কারন এটি আমাদের সামনেই ঘটছে। প্রতিদিন ট্রেনে যেসব যাত্রী ভ্রমন করছেন তাদের মুখের উপরই ঘটছে"। (ন্যাশনাল কমিশন ফর সাফারী কর্মচারী ২০২০) |

শুধুমাত্র বাংলাদেশ, ভারত এবং শ্রীলংকায় পয়ঃনিষ্কাশনকারীদের ধর্ম সম্পর্কে জানা গিয়েছে যা নিম্নের টেবিলসমূহে দেখানো হয়েছে।

চিত্র ৪: পয়ঃনিষ্কাশনকারীদের ধর্মীয় পরিচয়ঃ বাংলাদেশ, ভারত ও শ্রীলঙ্কা




মাত্র তিনটি দেশ অর্থাৎ ভারত, নেপাল এবং শ্রীলঙ্কা তাদের দেশে পয়ঃনিষ্কাশনকারীদের বর্ণ এবং জাতিগত পটভূমি সম্পর্কে তথ্য দিয়েছেঃ ভারতে ২০১৯/২০ সালে মোট পয়ঃনিষ্কাশনকারীদের প্রায় ৬০ শতাংশ ছিল নির্দিষ্ট গোত্রের হিন্দুরা যা কিনা মোট জনসংখ্যায় তাদের ১৬ শতাংশ অনুপাতের চেয়ে অনেক বেশী। পয়ঃনিষ্কাশন কাজের সাথে পরিষ্কারভাবে বর্ণ-ধর্মের একটি সম্পৃক্ততা পাওয়া গিয়েছে। বেশিরভাগ হিন্দু পয়ঃনিষ্কাশনকারীরা নির্দিষ্ট গোত্রের যারা পূর্বে অস্পৃশ্য হিসেবে বিবেচিত হতো। বর্ণ সম্পর্কিত কলঙ্ক এড়াতে অস্পৃশ্যদের বেশীরভাগ যারা কিনা শিখ, বৌদ্ধ এবং খ্রিস্টান ধর্মে দীক্ষিত হয়েছিলেন তারা এখনও পয়ঃনিষ্কাশনের কাজ করছেন। সুতরাং, হিন্দু ধর্ম হতে বৌদ্ধ, শিখ এবং খ্রিস্টান ধর্মে দীক্ষিত হবার পরও পয়ঃনিষ্কাশনের পেশা তারা বেশ ভালোভাবেই ধরে রেখেছেন। 'দূষণকারী' হিসেবে এই পয়ঃনিষ্কাশনকারীদের জোরপূর্বক তাদের পেশা কে ধরে রাখতে বাধ্য করা হয়েছে-অতিতের লজ্জাজনক ঐতিহ্য অনেকটা দায়মুক্তির মাধ্যমে চর্চা করা হচ্ছে তাদের মাধ্যমে যারা দলিত অথবা যেসব অস্পৃশ্য ব্যাক্তি বৌদ্ধ, শিখ অথবা খ্রিস্টান ধর্মে দীক্ষিত হয়েছেন তাদের মাধ্যমে। যেমনটি আকিল এন্ড গিল (২০১৯ঃ১)পাকিস্তানে দেখতে পেয়েছেন "পয়ঃনিষ্কাশনের সাথে সম্পৃক্ত ভারতীয় বর্ণভিত্তিক কলঙ্ক এখনও পাকিস্তানে রয়ে গিয়েছে। বিশেষ করে পাঞ্জাব অঞ্চলের খ্রিস্টানদের ক্ষেত্রে এই পেশাকে "অমুসলিমদের" কাজ হিসেবে বিবেচনা করা হয়"।

চিত্র ৪: ভারতে ধর্ম এবং গোত্র প্রথা অনুযায়ী পয়ঃনিষ্কাশনকারীদের শতকরা হার



চিত্র ৫: পয়ঃনিষ্কাশনকারীদের জাতিগত পরিচয়, শ্রীলঙ্কা




সুত্র: শ্রীলঙ্কা, শ্রম জরিপ

তবে, শ্রীলংকায়  পরিচালিত জরিপে সেখানকার তামিল পয়ঃনিষ্কাশনকারীদের বর্ণ সম্পর্কে জানা যায়নি।

দক্ষিন এশিয়ার দেশগুলোতে পয়ঃনিষ্কাশনকারী কর্মীদের শিক্ষাগত যোগ্যতা খুবই কম। আফগানিস্তান, বাংলাদেশ, মালদ্বীপ এবং পাকিস্তানের মত দেশগুলোতে প্রায় অর্ধেকের বেশী পয়ঃনিষ্কাশনকারীরা  প্রাইমারি স্কুলের শিক্ষা লাভ করেনি।

চিত্র ৬: পয়ঃনিষ্কাশনকারী দের শিক্ষার অবস্থা এবং ভৌগলিক অবস্থা




সুত্র: শ্রম জরিপ,ভারত ২০১৯-২০; শ্রম জরিপ পাকিস্তান ২০১৮; শ্রম জরিপ বাংলাদেশ ২০১৭; শ্রম জরিপ নেপাল ২০১৭; শ্রম জরিপ শ্রীলঙ্কা ২০১৭, ২০২০; শ্রম জরিপ মালদ্বীপ ২০১৯

সংখ্যায় কম হলেও কয়েকটি প্রাথমিক গবেষণায় সে সব বিষয়ে তথ্য পাওয়া গিয়েছে যেগুলোকে চাকরি/শ্রম জরিপে গুরুত্ব দেয়া হয়নি এবং এ সম্পর্কিত প্রমান ও মিলেছে। এই ব্যকগ্রাউন্ড নোটে আমরা চেষ্টা করেছি পয়ঃনিষ্কাশনের আকার সম্পর্কে জানতে এবং লিঙ্গ/গোত্র/ধর্মের ভিত্তিতে কি ধরনের মানুষ এই কাজ করছে সে সম্পর্কে জানতে।

এক সরকারি জরিপ থেকে জানা যায় যে ভারতের ১৮টি রাজ্যের ১৭০ টি জেলায় ৪২,৩,০৩ জন পয়ঃ নিষ্কাশনের সাথে সম্পৃক্ত কর্মী রয়েছেন যারা অযান্ত্রিক উপায়ে কাজ করেন (ন্যাশনাল কমিশন ফর সাফারী কর্মচারী ২০২০)। তবে, বাদবাকি ৫৪৮ টি জেলায় অযান্ত্রিক উপায়ে কাজ করা পয়ঃনিষ্কাশনকারীদের শনাক্ত করলে এই সংখ্যা

আরও বৃদ্ধি পাবে। প্রতিটি জেলায় সমসংখ্যক পয়ঃনিষ্কাশনকারীর ভিত্তিতে এই খসড়া সমীক্ষাটি প্রস্তুত করা হয়েছে। তবে, এই সমীক্ষায় সে সকল কর্মীদের অন্তর্ভুক্ত করা হয়নি যারা রেললাইন এবং অন্যান্য স্থান হতে মল পরিষ্কার করে থাকেন। ন্যাশনাল কমিশন ফর সাফারী কর্মচারী তাদের প্রতিবেদনে স্বীকার করেছে যে "কেউ এই তিক্ত বাস্তবতাকে (অযান্ত্রিক উপায়ে মল পরিষ্কার করা) অস্বীকার করতে পারবে না কারন এটি ঠিক আমাদের চোখের সামনেই ঘটছে" (সামাজিক বিচার এবং ক্ষমতায়ন মন্ত্রনালয় ২০১৯-৪৬)। তবে, কিছু গবেষণায় অন্যান্য বিষয়ের উপর তথ্য পাওয়া গিয়েছে যেগুলো চাকরি সংক্রান্ত জরিপে পাওয়া যায়নি। সাফারী কর্মচারী আন্দোলন নামক দিল্লীভিত্তিক একটি বেসরকারি প্রতিষ্ঠানের গবেষণায় দেখা যায় যে চারটি রাজ্যের মাত্র ৩৬ টি স্থাপনায় শৌচাগার এবং নর্দমা পরিষ্কারে নিয়োজিত আছেন প্রায় ১১৩৯ জন মহিলা কর্মী (সাফারী কর্মচারী আন্দোলন ২০১৮)। এই কাজটির ধরন অনুযায়ী নারীরা ভিন্নভাবে অংশ নিয়ে থাকেনঃ কেউ কেউ নর্দমা পরিষ্কার করেন, পরিশোধন কেন্দ্রে অথবা মল হতে উৎপাদিত স্লাজ নিয়ে কাজ না করলেও দেখা গিয়েছে যে শৌচাগার পরিষ্কারকারীদের ৯৫% নারী; এছাড়া রেল লাইন থেকে মল পরিষ্কারে নিয়োজিতদের ৮০% নারী; সুইপিং এবং নর্দমা পরিষ্কারে নিয়োজিত প্রায় ৫০% নারী এবং পাবলিক টয়লেট দেখাশোনাকারীদের প্রায় ২৫% নারী (বকশী ২০১৮)। তবে, এই সুত্র থেকে গৃহকর্মে নিয়োজিতদের সম্পর্কে লিঙ্গ বিভেদ সংক্রান্ত কোন তথ্য পাওয়া যায়নি।

একইভাবে পাকিস্তানে পরিচালিত কিছু গবেষণা থেকে প্রাপ্ত তথ্যসমূহ দেশটির শ্রম সংক্রান্ত জরিপে উঠে আসেনি। সেখানকার অন্যতম পয়ঃনিষ্কাশনের কাজ প্রধানত করে থাকে দেশটির সংখ্যালঘু খ্রিস্টানরা। সিন্ধ প্রদেশে উল্লেখযোগ্য সংখ্যক পয়ঃনিষ্কাশনকারীরা মুসলিমদের (যারা সংখ্যাগরিষ্ঠ) পাশাপাশি হিন্দু গোত্র থেকেও এসেছেন (ইন্ডিয়ান ইন্সটিটিউট অফ দলিত স্টাডিজ ২০০৮)। সুতরাং, দেশটির বেশীরভাগ পয়ঃনিষ্কাশনকারীদের মধ্যে রয়েছেন তদানীন্তন হিন্দু অস্পৃশ্য ব্যাক্তিরা যারা পরবর্তীতে খ্রিস্টান, শিখ এমনকি মুসলিম ধর্মে রুপান্তরিত হয়েছেন। 'নিম্ন বর্ণের' এই মানুষগুলো বিভিন্ন ধরনের কাজে নিয়োজিত আছেন যেমনঃ ড্রেন রক্ষনাবেক্ষন করা (পয়ঃনিষ্কাশনের চ্যানেল পরিষ্কার করা), পয়ঃনিষ্কাশন ব্যবস্থা রক্ষনাবেক্ষন করা। সর্বশেষ কিছু গবেষণায় পয়ঃনিষ্কাশনকারীদের মধ্যে বর্ণ এবং ধর্মের প্রভাব এবং অযান্ত্রিক পয়ঃনিষ্কাশনের সাথে তাদের সম্প্রিক্ততার বিষয়ে নিশ্চিত হওয়া গিয়েছে। (গিল ২০২০; সিদ্দিকি ২০২০)।

বাংলাদেশ প্রায় সম্পূর্ণভাবে উন্মুক্তভাবে মলত্যাগ দূর করতে সক্ষম হয়েছে। কিন্তু দেশটি বর্তমানে শৌচাগারে অব্যবহৃত স্লাজের মজুদ এবং এটির অনিরাপদ অপসারন এবং শোধানাগারে পরিবহনের চ্যালেঞ্জের মুখোমুখি। দেশটিতে এখনো নিয়মিতভাবে মলত্যাগের পিট অযান্ত্রিক উপায়ে খালি করা হয়। ঐতিহাসিকভাবে দেশটিতে পিট খালি করা এবং বর্জ্য ব্যবস্থাপনার কাজটি করে আসছে নিম্ন বর্ণের হিন্দুদের পাশাপাশি কিছু নিম্ন গোত্রের মানুষেরা যারা পরবর্তীতে খ্রিস্টান এবং ইসলাম ধর্ম গ্রহন করেছে (যাকুট এট আল ২০২১)। আরেকটি গবেষণায় দেখা গিয়েছে যে ঢাকা শহরে অযান্ত্রিক উপায়ে মল পরিষ্কারের কাজ বেশ ভালোভাবেই টিকে রয়েছে। দলিত সম্প্রদায় অথবা হিন্দুদের তদানীন্তন অস্পৃশ্য গোত্রের মানুষেরা এই কাজটি করে থাকেন। সুতরাং গবেষণায় বাংলাদেশে অযান্ত্রিক উপায়ে পয়ঃনিষ্কাশনের দুটি দিকের উপর আলোকপাত করা হয়েছেঃ অযান্ত্রিক উপায়ে পিট পরিষ্কার, নর্দমা পরিষ্কারসহ এ জাতীয় অন্যান্য কাজে অযান্ত্রিক পয়ঃনিষ্কাশনের ব্যবহার এবং এ জাতীয় কাজে নিম্ন গোত্রের হিন্দু দলিতদের সম্পৃক্ততা (বিশ্ব ব্যাংক ২০১৯)।

৯৫ শতাংশ উন্নত পয়ঃনিষ্কাশন সুবিধার কারনে দক্ষিন এশিয়ার অন্যান্য দেশের তুলনায় শ্রীলংকার পয়ঃনিষ্কাশন ব্যবস্থা বেশ ভালো। এটি সম্ভব হয়েছে উন্নত অন সাইট স্যানিটেশন এবং গ্রামাঞ্চলে পিট ল্যাট্রিনে উন্নত কারিগরি প্রযুক্তি ব্যবহারের ফলে (ডব্লিউএসএসসিসি এবং এফএএনএসএ ২০১৬বি)। তবে, ভারত এবং পাকিস্তানের মত শ্রীলঙ্কাতেও পয়ঃনিষ্কাশনের কাজে নিম্ন বর্ণের হিন্দুদের (দলিত) সম্পৃক্ততা পাওয়া যায়। এদের মধ্যে পারায়ানরা রাস্তা পরিষ্কার এবং বর্জ্য সংগ্রহের কাজ করেন এবং চাক্কিহারেরা শহরের শৌচাগার, নর্দমা পরিষ্কারের কাজ করেন (সিলভা, থ্যঞ্জেস এবং সিভাপ্রাগাসাম ২০০৯)।

নেপালে প্রায় ৪৬ শতাংশ বাসাবাড়িতে উন্নত পয়ঃনিষ্কাশন সুবিধা রয়েছে (ডব্লিউএসএসসিসি এন্ড এফএএনএসএ ২০১৬বি)। শহরের প্রায় ৩০ শতাংশ বাড়ির শৌচাগারের সাথে পয়ঃনিষ্কাশন ব্যবস্থার সংযোগ রয়েছে এবং প্রায় ৪৮ শতাংশ বাসা বাড়ির শৌচাগারে সেপটিক ট্যাংক রয়েছে। তবে, বেশীরভাগ সেপটিক ট্যাংকের নকশা যথাযথভাবে করা হয়নি এবং সেপটিক ট্যাংকের স্লাজ পরিশোধনের কোন উপযুক্ত ব্যবস্থা নেই। দেশটিতে পয়ঃনিষ্কাশনকারীদের বেশীরভাগ নিম্ন বর্ণের হিন্দু যারা এক সময় অস্পৃশ্য ছিল এবং এসব মানুষ গাড়ি চালক, বর্জ্য সংগ্রাহক, বর্জ্য প্রক্রিয়াকারী এবং সুইপারের কাজ করেন (বিনাত অ্যান্ড ম্যসন ২০১৭; নেপাল কান্ট্রি রিপোর্ট, ২০১৬)। ২০১৪ সালের অপর একটি গবেষণায় নেপালে পয়ঃনিষ্কাশনের এ সকল বৈশিষ্টগুলো সম্পর্কে নিশ্চিত হওয়া গিয়েছে (নেপাল মাল্টি ইন্ডিকেটর ক্লাস্টার সার্ভে, ২০১৪)।

মালদ্বীপে পরিচালিত অপর এক গবেষণায় দেখা যায় যে দ্বীপ দেশটিতে পয়ঃনিষ্কাশনকারী কর্মীদের প্রায় অর্ধেক মালদ্বীভিয়ান, অপরদিকে প্রায় ২৫.৭ শতাংশ ভারতের, ২০ শতাংশ বাংলাদেশের এবং ৩ শতাংশ শ্রীলংকার

নাগরিক (এডাম ২০১৫)। পয়ঃনিষ্কাশনকারীরা মারাত্মক অস্বাস্থ্যকর পরিবেশে ওজন উত্তোলন করে থাকেন। এ সকল কর্মীরা বিভিন্ন ক্ষতিকারক বর্জ্য যেমনঃ হাসপাতাল বর্জ্য অযান্ত্রিক এবং বিপদজনক উপায়ে বহন এবং বর্জন করে থাকেন (ডব্লিউএসএসসিসি এন্ড এফএএনএসএ ২০১৬এ)।

আফগানিস্তানে ২০১৫ সালে পরিচালিত এক গবেষণায় দেখা যায় যে মোট পয়ঃনিষ্কাশন ব্যবস্থার প্রায় ৭৫ শতাংশ "উন্নত এবং অন্যান্য উন্নত" ব্যবস্থা সম্বলিত। দেশটিতে অযান্ত্রিক উপায়ে পয়ঃনিষ্কাশন সংক্রান্ত বিস্তারিত তথ্য পাওয়া যায়নি (ডব্লিউএসএসসিসি অ্যান্ড এফএএনএসএ ২০১৬ই)।

# চাকরি/শ্রম জরিপের তথ্যের সীমাবদ্ধতা

যদিও উপরে উল্ল্যেখিত বিষয়গুলোর মাধ্যমে দক্ষিন এশিয়ার দেশগুলোতে পয়ঃনিষ্কাশনকারীদের আকার এবং বৈশিষ্ট সম্পর্কে ধারনা পাওয়া যায় তবে এসকল তথ্যের মধ্যে রয়েছে চরম সীমাবদ্ধতা। চাকরি এবং শ্রম সংক্রান্ত সরকারি জরিপে পয়ঃনিষ্কাশন কাজের গুরুত্বপূর্ণ দিকগুলোর প্রতি নজর দেয়া হয়নি যা কিনা পয়ঃনিষ্কাশনকারীদের জন্য নীতিমালা প্রণয়ন এবং বাস্তবায়ন পর্যবেক্ষনে অত্যন্ত গুরুত্বপূর্ণ। চাকরি/ শ্রম জরিপে যান্ত্রিক এবং অযান্ত্রিক উপায়ে পয়ঃনিষ্কাশন কাজের মধ্যে অথবা কঠিন বর্জ্য এবং মল থেকে উৎপত্তি হওয়া বর্জ্যের মধ্যে কোন ধরনের পার্থক্য না করেই সমষ্টিগত তথ্য প্রদান করা হয়েছে। শুকনা এবং ভেজা শৌচাগার পরিষ্কারে নিয়োজিত সুইপারদের সংখ্যা সম্পর্কে কোন তথ্য প্রদান করা হয়নি যদিও দক্ষিন এশিয়ার দেশগুলোতে  চাকরি/শ্রম জরিপে এ সকল কর্মীদের পয়ঃনিষ্কাশনকারী হিসেবে বিবেচনা করা হয়ে থাকে। উদাহরন হিসেবে বলা যায় ভারতে পয়ঃনিষ্কাশনকারীদের পেশাকে "বর্জ্য এবং এ জাতীয় কাজের সাথে সম্পৃক্ত কর্মী"দের শ্রেণীতে অন্তর্ভুক্ত করা হয়েছে এবং "এ জাতীয় কাজের সাথে সম্পৃক্ত কর্মীদের" মধ্যে রয়েছে সুইপার, পয়ঃনিষ্কাশনকারী কিন্তু এনএসএস এসকল কর্মীদের বিষয়ে উক্ত সংজ্ঞায় কিছু উল্ল্যেখ করেনি। এ কারনে অযান্ত্রিক উপায়ে কাজ করছেন এমন কর্মীদের সংখ্যা নির্ধারণে একটি ফাঁক রয়ে যায়। ভারতীয় এনএসএস জরিপে বিভিন্ন শিল্পখাতে ঝুঁকিপূর্ণ কাজে নিয়োজিত পয়ঃনিষ্কাশনকারীদের সংখ্যা প্রদান করা হলেও এখানে অযান্ত্রিক এবং যান্ত্রিক উপায়ে ঝুঁকিপূর্ণ কাজ সম্পর্কে পৃথকভাবে কোন তথ্য প্রদান করা হয়নি।

দক্ষিন এশিয়ার অন্যান্য দেশেও পরিস্থিতি অনেকটা একই রকম। অন্যান্য দেশেও তথ্য পরিবেশনে ঘাটতি রয়েছে। মালদ্বীপ এবং পাকিস্তান তাদের পয়ঃনিষ্কাশনকারীদের মধ্যে গ্রাম-শহরের পৃথক তথ্য প্রদান করেনি। একইভাবে পাকিস্তান, আফগানিস্তান এবং মালদ্বীপের জরিপে পয়ঃনিষ্কাশনকারীদের ধর্ম সংক্রান্ত পৃথক তথ্য প্রদান করা হয়নি। মালদ্বীপ পয়ঃনিষ্কাশনকারীদের বয়স সংক্রান্ত তথ্য প্রদান করেনি। ভারত, নেপাল এবং শ্রীলঙ্কা ব্যাতিত অন্য দেশগুলো পয়ঃনিষ্কাশনকারীদের বর্ণ অথবা জাতিগত পটভূমি নিয়ে কোন প্রতিবেদন করেনি।

# ▶ অর্থনৈতিক নিরাপত্তাহীনতাঃ অস্বীকৃত কাজের সংখ্যা বৃদ্ধি পাওয়া

চাকরির নিশ্চয়তা না থাকায় অঞ্চলসমূহে পয়ঃনিষ্কাশনকারীরা ব্যাপক অর্থনৈতিক নিরাপত্তাহীনতার মুখোমুখি হচ্ছে যা কিনা এসব দেশের চাকরি/শ্রম জরিপের তথ্যে লক্ষ্য করা যায় (চিত্র ৮ এবং ৯)। মূলত কাজের নিরাপত্তা না থাকায় পয়ঃনিষ্কাশনকারীদের একটি বড় অংশের কোন সামাজিক নিরাপত্তা নেই (চিত্র ৮)।

চিত্র ৭: সরকারি এবং বেসরকারি খাতে নিয়োজিত পয়ঃনিষ্কাশনকারীদের শতকরা হার




পাকিস্তান এবং বাংলাদেশের মত দেশে অনেক পয়ঃনিষ্কাশনকারীর সরকারি চাকরি থাকলেও তাদের কোন সামাজিক নিরাপত্তা নেই। আফগানিস্তানেও পরিস্থিতি একই রকম যদিও সেখানকার সরকার খুব বেশী পয়ঃনিষ্কাশনকারীদের চাকরি দেয়নি। এর মাধ্যমে সরকারি খাতে পয়ঃনিষ্কাশন জাতীয় কাজের অস্বীকৃতির চিত্র ফুটে উঠেছে। সরকারি এবং বেসরকারি খাতে পয়ঃনিষ্কাশনকারীদের ব্যাপকভাবে স্বীকৃতি না দেয়ায় তারা অর্থনৈতিক নিরাপত্তাহীনতায় ভুগছে যা তাদের আয় এবং ভালো থাকার উপর প্রভাব ফেলছে।

চিত্র ৮: নিরাপত্তা সুবিধাবিহীন বনাম অস্থায়ী পয়ঃনিষ্কাশনকারীদের শতকরা হার




**চিত্র ৪ এবং ৫'র সূত্র**: শ্রম জরিপ, ভারত ২০১৯-২০; শ্রম জরিপ, পাকিস্তান ২০১৮, শ্রম জরিপ, বাংলাদেশ ২০১৭; শ্রম জরিপ, নেপাল, ২০১৭; শ্রম জরিপ, শ্রীলঙ্কা, ২০১৭; শ্রম জরিপ, শ্রীলঙ্কা, ২০২০; শ্রম জরিপ, মালদ্বীপ, ২০১৯।

চিত্র ৯: সামাজিক নিরাপত্তাবিহীন পয়ঃনিষ্কাশনকারীদের আনুপাতিক হার, মোট এবং সরকারি খাতে




কোন কোন প্রাথমিক গবেষণায় পয়ঃনিষ্কাশনকারীদের চাকরির ধরনের প্রতি আলোকপাত করা হয়েছে। যেমনঃ ভারতে তিন ধরনের কর্মী রয়েছেঃ স্থায়ী, চুক্তিভিত্তিক এবং যাদের আউটসোর্স করা হয়। স্থায়ী কর্মীরা সবচেয়ে বেশী মজুরীর পাশাপাশি অতিরিক্ত ছুটি, স্বাস্থ্য সুবিধা, পেনশন সুবিধা এবং প্রভিডেন্ট ফান্ডসহ বিভিন্ন সুবিধা পেয়ে থাকে যা চুক্তিভিত্তিক এবং আউট সোর্স করা কর্মীরা পায় না। একই কাজের জন্য চুক্তিভিত্তিক কর্মীরা স্থায়ী কর্মীদের বেতনের প্রায় অর্ধেক হতে এক চতুর্থাংশ পর্যন্ত পেয়ে থাকে। আউট সোর্স করা কর্মীরা একই কাজ করে এর চেয়েও কম আয় করেন যা কিনা স্থায়ী একজন কর্মীর বেতনের এক চতুর্থাংশেরও কম (পিআরআইএ ২০১৯)। অপর এক গবেষণায় দেখা যায় স্থায়ী পয়ঃনিষ্কাশনকারীর মজুরী অস্থায়ী কর্মীদের চেয়ে তিন গুন বেশী; তাই অস্থায়ী কর্মীরা নিরাপত্তাহীনতায় ভুগে থাকেন (বিশ্বব্যাংক ২০১৯)। অযান্ত্রিক উপায়ে কাজ করা অস্থায়ী পয়ঃনিষ্কাশনকারীরা এ কারনে সবচেয়ে বেশী অর্থনৈতিক নিরাপত্তাহীনতা এবং আয়ের স্বল্পতার সমস্যার মুখোমুখি হন।

*"স্থায়ী পয়ঃনিষ্কাশনকারীর মজুরী অস্থায়ী কর্মীদের চেয়ে তিন গুন বেশী; তাই অস্থায়ী কর্মীরা নিরাপত্তাহীনতায় ভুগে থাকেন (বিশ্ব ব্যাংক ২০১৯)"*

পাকিস্তানে সরকারি বিভাগসমূহে ৮৯ দিনের চুক্তিতে অথবা আইনগত বাধ্যবাধকতা এড়াতে প্রতিদিনের হিসাবে উল্লেখযোগ্য সংখ্যক পয়ঃনিষ্কাশনকারীদের নিয়োগ দেয়া হয়। এ সকল কর্মীদের বেতন খুবই কম। বৈষম্যের দরুন একটি নিশ্চিত বিকল্প চাকরি পাওয়ার অনিশ্চয়তার কারনে এ সকল কর্মী অযান্ত্রিক উপায়ে পয়ঃনিষ্কাশনের কাজ করতে বাধ্য হন (আকিল এন্ড গিল ২০১৯)।

বাংলাদেশে পুরো দেশ জুড়েই বেশীরভাগ পয়ঃনিষ্কাশনকারী এবং পরিচ্ছন্নতা কর্মী অস্থায়ী ভিত্তিতে কাজ করেন এবং তাদের প্রতিদিনের ভিত্তিতে মজুরী দেয়া হয় অথবা সরকারি অথবা বেসরকারি খাতে নির্দিষ্ট চাকরিতে চুক্তিভিত্তিক নিয়োগ দেয়া হয়। তবে, পিট পরিষ্কারকদের মজুরী খুবই কম এবং অনিয়মিত (ওয়াটার এইড ২০২০)। স্থায়ী পরিষ্কারকদের কাজের পরিবেশ অস্থায়ীদের চেয়ে কিছুটা উন্নত যেহেতো স্থায়ী কর্মীদের মাস শেষে একটি আয়ের নিশ্চয়তা রয়েছে এবং সিটি কর্পোরেশন হতে তারা আংশিক স্বাস্থ্য সুবিধা পেয়ে থাকে। (কানশাহ, ফিসার এন্ড খান ২০১২)।

এমনকি পয়ঃনিষ্কাশনকারীরা তাদের ঐতিহ্যবাহী জীবিকার বাইরে নিরাপদ বিকল্প জীবিকার সন্ধান করলেও বিশেষ করে নিম্ন বর্ণের অস্পৃশ্য এবং খ্রিস্টান (রুপান্তরিত) পয়ঃনিষ্কাশনকারীরা বৈষম্যের মুখোমুখি হওয়ার কারনে তা সম্ভব হয়ে উঠে না। সিটি কর্পোরেশন মুসলিমদের "সুইপার" হিসেবে নিয়োগ দেয়ায় এ সম্প্রদায়ের যারা নিজে স্বাবলম্বী হয়েছেন তারা বেশকিছু আয়ের সুযোগ হারিয়েছেন (জাকুত এট আল ২০২১)।

চাকরি/ শ্রম জরিপ এবং প্রাথমিক গবেষণাসমূহ বিশ্লেষণ করে বোঝা যায় যে সমাজে সবচেয়ে জরুরী সেবাপ্রদানকারী পয়ঃনিষ্কাশনকারীরা অতিমাত্রায় অর্থনৈতিক নিরাপত্তাহীনতার মধ্যে জীবন যাপন করছে। এদের বেশীরভাগকেই কোন রকম চাকরি সংক্রান্ত নিরাপত্তা এবং সামাজিক নিরাপত্তা প্রদান না করেই অস্থায়ী ভিত্তিতে সরকারি এবং বেসরকারি খাতে নিয়োগ দেয়া হচ্ছে যার ফলে সল্প আয়ে তারা মানবেতর জীবন যাপন করছে।

# ►স্বাস্থ্যঝুঁকি: রোগ, আঘাত এবং মৃত্যু

ঝুঁকিপূর্ণ বর্জ্য, মল থেকে উৎপাদিত স্লাজ, দুষিত পানির সরাসরি সংস্পর্শে আসায় এবং অস্বাস্থ্যকর পরিবেশে কাজ করায় পয়ঃনিষ্কাশনকারীরা মারাত্মক স্বাস্থ্য ঝুঁকির মুখোমুখি হয়ে থাকে। ঝুঁকিপূর্ণ কাজের পরিবেশ প্রানঘাতী রোগের পাশাপাশি শারীরিক আঘাতেরও কারন হতে পারে এবং এ জন্য পয়ঃ নিষ্কাশন কর্মীদের মৃত্যুও হতে পারে। যেমনঃ ন্যাশনাল কমিশন ফর সাফারী কর্মচারী প্রদত্ত তথ্য অনুযায়ী ভারতে ২০১০ থেকে ২০২০ সালের মধ্যে নর্দমা পরিষ্কার এবং সেপটিক ট্যাঙ্ক পরিষ্কার করার সময় ৬৩১ জনের মৃত্যু হয় (শর্মা ২০২১)। ফেব্রুয়ারি ২০১২ হতে সেপ্টেম্বর ২০১৩'র মধ্যে দক্ষিন তামিলনাড়ু রাজ্যে পয়ঃনিষ্কাশনকালে প্রায় ৩০ জন কর্মীর মৃত্যু হয়। দক্ষিন এশিয়ার দেশগুলোতে এ জাতীয় গবেষণার সংখ্যা কম হলেও পয়ঃনিষ্কাশনকারীদের যে ধরনের স্বাস্থ্য ঝুঁকির মুখোমুখি হতে হয় সে সম্পর্কে কিছুটা ধারনা পাওয়া গিয়েছে।

দুর্ভাগ্যজনকভাবে, অন্যান্য দেশের চাকরি/শ্রম সম্পর্কিত জরিপগুলো স্বাস্থ্য ব্যবস্থার উপর খুব কম তথ্য দিয়ে থাকে যা তুলনা করা সম্ভব নয়। আফগানিস্তানের ২০২০ সালের শ্রম জরিপে প্রায় ৯.৫ শতাংশ অভিবাসী কর্মীর বিকলাঙ্গ হওয়ার ইঙ্গিত দেয়া হয়। পাকিস্তানের ২০১৮ সালের জরিপ থেকে জানা যায় যে ১.৫ শতাংশ পয়ঃনিষ্কাশনকারীরা কাজের সময় আহত হয়েছেন। ২০১৯ সালের এক জরিপে জানা যায় যে মালদ্বীপের প্রায় ২৭ শতাংশ অভিবাসী কর্মী দীর্ঘমেয়াদী রোগে আক্রান্ত হয়েছেন। ইন্ডিয়ান এমপ্লোইমেন্ট সারভে ২০১৯/২০ হতে জানা যায় যে দেশটির মোট বর্জ্য সংগ্রাহকদের প্রায় ১৪ শতাংশ ঝুঁকিপূর্ণ পরিবেশে কাজ করে।

| |
|---|
| সিন্ধের উমর কটের ৩৬ বছর বয়সী পয়ঃনিষ্কাশনকারী ইরফান মাসিহ ম্যনহোলে জ্ঞান হারানো তার দুই সহযোগীকে বাঁচানোর চেষ্টাকালে বিষাক্ত ধোঁয়ার শিকার হন। তাদের তিনজনকে একটি বিপদজনক পয়নিষ্কাশন লাইন পরিষ্কারের দায়িত্ব দেয়া হয় (আকিল এন্ড গিল ২০১৯)। |

ভারতে কয়েকটি গবেষণায় পয়ঃনিষ্কাশনের সাথে সম্পর্কিত একাধিক স্বাস্থ্যঝুঁকি সম্পর্কে জানা যায়। ২০১৭ সালে মহারাষ্ট্র রাজ্যের আওরঙ্গবাদ শহরের পয়ঃনিষ্কাশনকারীদের উপর পরিচালিত এক সাম্প্রতিক জরিপে তাদের মধ্যে বিভিন্ন রোগের সন্ধান পাওয়া যায় যেগুলোর মধ্যে রয়েছে হতাশা এবং দুশ্চিন্তার মত মানসিক রোগ (জাদাভ ২০১৭)। ব্যাঙ্গালোরে বর্জ্য সংগ্রাহকদের পেশাগত স্বাস্থ্য ঝুঁকি নিয়ে পরিচালিত অপর এক জরিপে দেখা যায় বর্জ্য সংগ্রাহকেরা টিউবারকিউলোসিস, ব্রঙ্কাইটিস, হাপানি, নিউমোনিয়া, ডিসেন্ট্রি, প্যারাসাইটোসিসের মত রোগে আক্রান্ত (ভারতী এট আল ২০১৬)। বিভিন্ন ঘ্রাণের মধ্যে কাজ করা ২৬ জন পয়ঃনিষ্কাশনকারীর উপর পরিচালিত এক জরিপে দেখা যায় তাদের মধ্যে ৫৩.৮ শতাংশের বিভিন্ন সাব-একিউট উপসর্গ রয়েছে যেমনঃ গলা ব্যাথা, কাশি, বুকে অস্বস্তি, শ্বাসকষ্ট, পিপাসা, ঘেমে যাওয়া, অস্বস্তি এবং কামশক্তি কমে যাওয়া (তিওয়ারী ২০০৮)।

মাঠ পর্যায়ে পরিচালিত অপর এক গবেষণায় দেখা যায় পয়ঃনিষ্কাশনকারীরা বিভিন্ন কঠিন বস্ত যেমনঃ ব্লেড, ছুটে আসা কাঁচ, এবং অন্যান্য ধারালো জিনিসের সংস্পর্শে আসায় গুরুতর আঘাতের ঝুঁকিতে পতিত হয়। বেশীরভাগ কর্মীরা প্রয়োজনীয় তথ্যর অভাবে এবং প্রশিক্ষণ না থাকায় এ ধরনের পরিবেশে কাজ করার ক্ষতিকারক দিক সম্পর্কে অবগত নয় (সাকথাইভেল এন্ড বেঞ্জামিন ২০১৯)।

পাকিস্তানে আকিল এন্ড গিল (২০১৯) ১০২ জন পয়ঃনিষ্কাশনকারীর উপর এক গবেষণা পরিচালনা করেন এবং তাদের মধ্যে ভারতের মত মারাত্মক স্বাস্থ্যঝুঁকি দেখতে পান। প্রায় ৩৮ শতাংশ অংশগ্রহণকারী জানান তারা বর্জ্য ভরা ম্যনহোলে ঢুকেছেন এবং তাদের কর্মকালীন সময়ে অন্তত একবার হলেও বিষাক্ত গ্যাসের শিকার হয়েছেন যা তাদের অনেকের মৃত্যুর কারনও হয়েছে। তারা কাজ করার সময় বিভিন্ন ধারালো জিনিস যেমনঃ সেফটি ব্লেড, সুই, ভাঙ্গা কাঁচের টুকরা এবং হাসপাতালের বর্জ্যর মাধ্যমে আহত হয়েছেন। এ সকল পয়ঃনিষ্কাশন কর্মীরা কোন ধরনের সুরক্ষা ব্যবস্থা ছাড়াই জীবনের জন্য হুমকিস্বরূপ পরিষ্কারের কাজ করে থাকেন। গবেষণায় আরো জানা যায় যে, প্রশাসন নিরাপদ একটি প্রক্রিয়া বাস্তবায়নে সফল হয়নি; পয়ঃনিষ্কাশনে জড়িত কর্মীদের পর্যাপ্ত প্রশিক্ষণ নেই; প্রয়োজনীয় সুরক্ষা সামগ্রীর অভাব রয়েছে; এবং যে সকল স্থানে পয়ঃনিষ্কাশনকারীদের জন্য উচ্চ স্বাস্থ্য ঝুঁকি রয়েছে সেসব স্থানে পর্যবেক্ষণের ব্যবস্থা নেই।

বাংলাদেশে পরিচালিত সীমিত গবেষণায় পয়ঃনিষ্কাশনকারীদের স্বাস্থ্য সম্পর্কে একই ধরনের ফলাফল পাওয়া গিয়েছে। স্লাজ পিট এবং সেপটিক ট্যাঙ্কের মধ্যে কাজ করায় দৃষ্টি এবং শ্রবণ শক্তির ক্ষতি হয়ে থাকে এবং কখনো কখনো মৃত্যুরও কারন হয়ে থাকে। এছাড়া বিষাক্ত ধোঁয়া, দুর্বল কাঠামো, এবং ম্যনহোল ও পয়ঃ নিষ্কাশন লাইনের পিচ্ছিল স্লোপ পয়ঃনিষ্কাশনকারীদের জন্য বড় ধরনের হুমকি (জাকুত ২০১৯; আহমেদ এট আল ২০১৬)।

"অযান্ত্রিক উপায়ে যারা পিট পরিষ্কার করেন তারা ব্যাক্তিগত সুরক্ষা সামগ্রী ব্যবহার করেন না কারন এটি সস্তা নয় এবং/অথবা আরামদায়ক নয়, এবং/অথবা তারা এর উপকার সম্পর্কে অবগত নয়- এ কারনে তারা প্রায়শই মানুষের মল এবং ল্যাট্রিনে পাওয়া যায় এমন বিভিন্ন জিনিস যেমনঃ স্যানিটরি সামগ্রী, ধারালো বস্ত এবং অন্যান্য কঠিন বর্জ্যের সংস্পর্শে আসেন। এর ফলে তারা আহত হয়ে থাকেন এবং অসুস্থ হয়ে পড়েন, কেটে যাওয়ার কারনে তাদের সংক্রমণ হয়ে থাকে এবং তারা মলে থাকা বিভিন্ন জীবাণুর মাধ্যমে সংক্রমিত হন এবং ভেক্টর বর্ণ সংক্রমণ, ত্বকের রোগ এবং শ্বাসতন্ত্রের জটিলতায় ভুগে থাকেন" (মারিয়ান জাকুত এট আল ২০২১)।

নেপালে পরিচালিত প্রাথমিক গবেষণাতেও পয়ঃনিষ্কাশনকারীদের তাদের কাজের কারনে সৃষ্ট দুর্ভোগ ও স্বাস্থ্য ঝুঁকির বিষয়টি উঠে এসেছে। এক গবেষণায় দেখা যায় প্রায় ৭০ শতাংশ পয়ঃনিষ্কাশনকারী শ্বাসতন্ত্রের জটিলতা এবং অন্যান্য সমস্যা যেমনঃ দুর্বলতা, পিঠে ব্যথা, মাথা ব্যথার মত সমস্যায় ভুগে থাকেন। (ব্লাক এট আল ২০১৯)। এ জাতীয় স্বাস্থ্য সঙ্কটের অন্যতম কারন সুরক্ষা সামগ্রীর অভাব। এছাড়া, পয়ঃনিষ্কাশনকারীদের তাদের কর্মক্ষেত্রের ঝুঁকি সম্পর্কে জ্ঞান ও সচেতনতার অভাব রয়েছে (ব্লাক এট আল ২০১৯; সাপকোটা এট আল ২০২০)। গবেষণায় পদক্ষেপ গ্রহনের সুপারিশ করা হয়েছে যেনো জ্ঞান এবং সচেতনতার অভাব দূর করা যায় যেমনঃ "শিক্ষামূলক দক্ষতা বৃদ্ধি, প্রশিক্ষণ প্রদান, বর্জ্য নিয়ে কাজ করা কর্মীদের ঝুঁকি সম্পর্কে অবহিত করা যেনো তাদের ঝুঁকি কমানো যায় এবং তাদের সুস্বাস্থ্য নিশ্চিতের পাশাপাশি তাদের নিরাপদে থাকার ব্যবস্থা করা যায়।

মালদ্বীপের জন্য সুহাইলের (২০১৫) পরিচালিত এক গবেষণায় থিলাফুসি নামক দ্বীপের পয়ঃনিষ্কাশন কর্মীদের স্বাস্থ্য ঝুঁকির উপর গবেষণা করা হয় যেখানে পুরো মালদ্বীপের বর্জ্য ফেলা হয়। যারা সুরক্ষা ব্যবস্থা ব্যবহার করেননি তারা শ্বাসতন্ত্রের রোগে ভুগেছেন এবং প্রায় ৭৫ শতাংশ কর্মী শ্বাসতন্ত্রের জটিলতার কথা বলেছেন। ২০১৮ সালের মালদ্বীপের কান্ট্রি রিপোর্টে মেনে নেওয়া হয় যে পয়ঃনিষ্কাশনকারীরা নোংরা এবং অস্বাস্থ্যকর পরিবেশে কাজ করেন যার কারনে তাদের মারাত্মক স্বাস্থ্যঝুঁকি ছাড়াও আঘাত প্রাপ্তি এবং মৃত্যু ঘটে থাকে (ডব্লিউএসএসসিসি এন্ড এফএএনএসএ ২০১৬এ)।

"মালদ্বীপে পয়ঃনিষ্কাশনে কাজ করার সময় বিষাক্ত গ্যাস এবং অক্সিজেনের অভাবে মৃত্যুর বেশকিছু ঘটনা ঘটেছে।" (ডব্লিউএসএসসিসি এন্ড এফএনএসএ ২০১৬এ)

আফগানিস্তান সম্পর্কে প্রাপ্ত তথ্য খুবই সামান্য এবং পরিষ্কার নয়। আফগানিস্তান কান্ট্রি রিপোর্টে (২০১৮) বলা হয়েছে যে সেখানে সাধারণত কোন ধরনের সুরক্ষা সামগ্রী ছাড়াই অযান্ত্রিক উপায়ে নর্দমা পরিষ্কার করা হয় এবং এর ফলে পরিষ্কারকারীদের স্বাস্থ্যের উপর বিরূপ প্রভাব পড়ে। এমন একটি ঘটনায় একজন কর্মী নর্দমা পরিষ্কার করার সময় অতিরিক্ত গ্যাসের কারনে জ্ঞান হারান এবং তার সহযোগীরা তাকে বের করে আনে।

এই পর্যালোচনার মাধ্যমে দক্ষিন এশিয়ার দেশগুলোতে পয়ঃনিষ্কাশনকারীদের প্রকৃত অবস্থা সম্পর্কে ধারনা পাওয়া যায়। এ জাতীয় কাজের নিরাপত্তা এবং স্বাস্থ্য সংক্রান্ত ঝুঁকি হ্রাস করতে প্রক্রিয়ার উন্নতি করা সর্বাধিক গুরুত্বপূর্ণ। পয়ঃনিষ্কাশনের কাজে নিয়োজিত কর্মীদের জন্য নিরাপদ কর্ম প্রক্রিয়া নিশ্চিত করতে কিছু অগ্রগতি সাধিত হয়েছে। যেমনঃ ভারতের কেরালা রাজ্যে সহজে ব্যবহার করা যায় নর্দমা পরিষ্কারের এমন যন্ত্রের মাধ্যমে কর্মীদের স্বাস্থ্য ঝুঁকি কমানো সম্ভব হয়েছে।[৩] একই সাথে যে বিষয়টির উপর বেশীরভাগ গবেষণায় গুরুত্ব দেয়া হয় তা হলো সকল পয়ঃনিষ্কাশনকারী কর্মীদের পর্যাপ্ত পরিমানে ব্যাক্তিগত সুরক্ষা সামগ্রী প্রদানের উপর। সেই সাথে অযান্ত্রিক উপায়ে সেপটিক ট্যাঙ্ক এবং নর্দমা পরিষ্কারের জন্য পয়ঃনিষ্কাশন কর্মীদের সকলকে প্রশিক্ষণ প্রদান করতে হবে। নিরাপত্তা সম্পর্কিত প্রক্রিয়াসমূহ বাস্তবায়ন এবং পরিষ্কার করার স্থান পর্যবেক্ষণের দায়িত্ব কর্তৃপক্ষকে বহন করতে হবে। যেহেতো বেশীরভাগ কর্মীদের আনুষ্ঠানিকভাবে নিয়োগ দেয়া হয়না তাই কোন দুর্ঘটনা ঘটলে তারা স্বাস্থ্য সংক্রান্ত নিরাপত্তা এবং সহায়তা পেয়ে থাকে না। স্বাস্থ্যবীমা এবং আঘাত জনিত বীমাসহ কর্তৃপক্ষকে প্রয়োজনীয় সামাজিক নিরাপত্তার পদক্ষেপ নিতে হবে।

# কলঙ্ক, বৈষম্য এবং অমর্যাদা

মারাত্মক স্বাস্থ্যঝুঁকির পাশাপাশি পয়ঃনিষ্কাশনকারী সম্প্রদায় বৈষম্য এবং কলঙ্কের মুখোমুখি হয়ে থাকেন এবং এ কারনে তাদের মর্যাদাহানী হয়ে থাকে। দক্ষিন এশিয়ার বেশীরভাগ দেশে পয়ঃনিষ্কাশনকারীরা তদানীন্তন অস্পৃশ্য গোত্র থেকে এসেছেন এবং/অথবা তারা একসময় অস্পৃশ্য হিসেবে বিবেচিত হতেন যারা অসমতা এবং অমর্যাদা থেকে বাঁচার জন্য অন্য ধর্মে রুপান্তরিত হয়েছেন। সংখ্যায় কম হলেও কয়েকটি প্রাথমিক গবেষণায় অযান্ত্রিক উপায়ে পয়ঃনিষ্কাশনকারীরা কি ধরনের বৈষম্য এবং কলঙ্কের মুখোমুখি হয়েছেন সে বিষয়ে তথ্য পাওয়া যায়। ভারতে এ ধরনের মানুষগুলো ব্যাপক মাত্রায় সামাজিক বৈষম্যের মুখোমুখি হওয়ায় সমস্যাগুলো প্রকট আকার ধারন করেছে (বিশ্বব্যাংক ২০১৯, পৃষ্ঠা ৩০ ও ৩৫)। উত্তর প্রদেশ রাজ্যের উত্তরে ৭২ জন পয়ঃনিষ্কাশনকারীর উপর পরিচালিত এক জরিপে দেখা যায় যে তাদের কেউ কেউ এই পেশা ছেড়ে দিয়ে একটি চায়ের/মুদি দোকান দেয়ার চেষ্টা করেন কিন্তু উচ্চ গোত্রের মানুষদের বর্জন এবং বিরোধিতার কারনে তারা পুরানো পেশায় ফিরে যেতে বাধ্য হন (কুমার এন্ড প্রীত ২০২০)। রেস্টুরেন্টে তাদের পিতলের প্লেটে খাবার না দিয়ে প্লাস্টিকের কাপ/প্লেটে পানি ও খাবার দেয়া হয়। পয়ঃনিষ্কাশনকারীদের সাথে রাস্তা অতিক্রম করার সময় শিশুরা তাদের বাবা মার গা ঘেঁসে থাকে যেনো এসব মানুষের শরীর অথবা ঝাড়ুর সাথে কোন ছোঁয়া না লাগে। বিভিন্ন স্থানে যেমনঃ মন্দিরে, পানি আনতে গিয়ে, ধর্মীয় অনুষ্ঠানে, ট্যাক্সিতে চড়ার সময় পয়ঃ নিষ্কাশনকারীরা বৈষম্যের মুখোমুখি হয়ে থাকেন। পয়ঃনিষ্কাশনকারীদের বলা হয়ে থাকে "কাচরাওয়ালা" অথবা নোংরা এবং তাদের "সাফাইওয়ালা" (পরিষ্কার) বলা হয় না। রাস্তা পরিষ্কারের কাজ করা সুইপারেরা বিশ্রাম নিয়ে চলে যাওয়ার পর অনেক দোকান মালিক এবং বাড়ির বাসিন্দারা তাদের দোকানের সামনের স্থানটি "পবিত্র" করার জন্য ধোয়ামোছা করেন (পিআরআইএ ২০২০, পৃষ্ঠা ২২)। এ সকল কর্মীদের অপমানজনক মন্তব্য শোনা, অপমানিত হওয়া এবং সহিংসতার শিকার হওয়া যেনো প্রতিদিনের অভিজ্ঞতা। তাই তাদের জন্য গোত্রের বাধা দূর করে স্বাধীন হওয়া এবং অন্যকোন পেশা বেছে নেয়াটা এখনো একটি কঠিন কাজ।

